নির্বাচন কমিশন
বাংলাদেশ
নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর, ঢাকা

নং ১৭.০০.০০০০.০২৬.৩২.০২৬.১৬-৩৬৭

তারিখঃ ০২ অগ্রহায়ণ ১৪২৩ বঙ্গাব্দ
১৬ নভেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

পরিপত্র-১

বিষয়ঃ ভোটার তালিকা হালনাগাদ ২০১৬ সুষ্ঠু ও সুচারুরূপে সম্পন্নের লক্ষ্যে প্রয়োজনীয় করণীয়।

নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত সময়সূচি অনুযায়ী আগামী ২৫ নভেম্বর, ২০১৬ হতে দেশব্যাপী ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম শুরু হচ্ছে। এই হালনাগাদ কর্মসূচিতে যাদের জন্ম ০১ জানুয়ারি, ১৯৯৯ বা তার পূর্বে তাদের ভোটার তালিকাভুক্ত করা হবে। উল্লেখ্য যে, যাদের জন্ম তারিখ ০১/০১/১৯৯৯ বা তার পূর্বে তাদের তথ্য ২০১৫ সালে ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রমের সময় সংগৃহীত হয়েছে। উক্ত তথ্যসংগ্রহকালে ০১/০১/১৯৯৯ বা তার পূর্বে জন্মগ্রহণকারী যারা বাদ পড়েছে শুধু মাত্র তাদের জন্য এই কর্মসূচি। সে কারণে এবার বাড়ি বাড়ি গিয়ে তথ্যসংগ্রহ করা হবে না। সংশ্লিষ্ট বাদপড়া ব্যক্তিবর্গ উপজেলা/থানা নির্বাচন কর্মকর্তার কার্যালয় অথবা ইউনিয়ন পরিষদ/পৌরসভা কার্যালয়ের সচিবের দপ্তরে রক্ষিত তথ্য ফরম (ফরম-২) সংগ্রহ করে জন্ম নিবন্ধন সনদ, এস এস সি/সমমানের সনদপত্র(প্রযোজ্য ক্ষেত্রে) প্রয়োজনীয় অন্যান্য কাগজাদিসহ সংশ্লিষ্ট উপজেলা/থানা নির্বাচন কর্মকর্তার কার্যালয়ে জমাদান করত উক্ত কার্যালয়ে নিবন্ধন সম্পন্ন করবেন। এই কার্যক্রম চলাকালীন বাড়ি বাড়ি গিয়ে তথ্য সংগ্রহ করা হবে না। এছাড়া ভোটার তালিকা হতে নাম কর্তন এবং স্থানান্তরের বিষয়েও কার্যক্রম গৃহীত হবে। ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম সফল করার জন্য নিম্নরূপ কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন ঃ

২। **ভোটার তথ্য সংগ্রহ ও নিবন্ধনঃ** ভোটার তালিকা হালনাগাদ- ২০১৬ এর ১৯৯৯ সালের ১ জানুয়ারি বা তার পূর্বে জন্মগ্রহণকারী সকল নাগরিক নিবন্ধন করতে হবে। এক দিনেই উপজেলা/থানা নির্বাচন অফিসে নিবন্ধন সম্পন্ন করার জন্য কিছু অব্যবহৃত ফরম এবং সাথে পূর্বে পূরণকৃত অনিবন্ধিত ফরম-২ যারা ডাটা এন্ট্রি ও বায়োমেট্রিক প্রদান করে নিবন্ধন কার্যক্রম সম্পন্ন করেননি সেসব ফরম ইউনিয়ন/পৌরসভা ভিত্তিক বাছাই করে ইউনিয়ন পরিষদ/পৌরসভা কার্যালয়ে প্রেরণ করা যেতে পারে। যারা আগে ফরম পূরণ করেছিলেন কিন্তু নিবন্ধন সম্পন্ন করেননি/যারা আগে ফরম পূরণ করেননি তারা অব্যবহৃত ফরম পূরণ করে যাচাইকারী হিসেবে জনপ্রতিনিধিদের সিল-স্বাক্ষর করিয়ে নিয়ে একই সাথে প্রত্যেক ব্যক্তির নাম, ঠিকানা ও জন্ম তারিখ সম্বলিত জন্ম সনদপত্র, সংশ্লিষ্ট ব্যক্তির নিকট হতে অপরিহার্যভাবে সংগ্রহ করতে হবে এবং তা সংশ্লিষ্ট ব্যক্তির পূরণকৃত নিবন্ধন ফরমের সাথে গেঁথে সংগ্রহ করতে হবে এছাড়াও অন্যান্য কাগজপত্র যেমন-প্রত্যয়নপত্র/বাড়ি ভাড়া/হোল্ডিং ট্যাক্স পরিশোধের রসিদ, প্রযোজ্য ক্ষেত্রে এসএসসি/সমমানের সনদের কপি জমা দিয়ে নিবন্ধন সম্পন্ন করবেন। ভোটারদের তথ্য ফরম-২ পূরনের ক্ষেত্রে ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রমের সময় যারা ফরম-২ পূরণ করেছিলেন কিন্তু নিবন্ধন করেননি তাদের ফরম পূরণ করতে হবেনা। শুধু মাত্র নিবন্ধন কেন্দ্রে গিয়ে নিবন্ধন করতে হবে। ভোটার নিবন্ধন ফরম-২ এর সাথে জন্ম সনদ সংযুক্ত করতে হবে।

৩। **জন্ম ও মৃত্যু নিবন্ধনের তথ্য যাচাই ঃ** ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম সুষ্ঠু ও সুচারুরূপে সম্পন্ন করার লক্ষ্যে ভোটারের তথ্য নির্ভুলভাবে প্রদান করা অপরিহার্য। ভোটারগণ শিক্ষাগত যোগ্যতার সনদ, নাগরিকত্বের সনদ, জন্ম সনদ ইত্যাদি তথ্যের আলোকে ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হন। ভোটার তালিকা আইন, ২০০৯ এর ধারা ৩(কক) এ নামের সংজ্ঞায় শিক্ষা সনদসমূহের পাশাপাশি জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ এর অধীন নিবন্ধিত নামকে অন্তর্ভুক্ত করা হয়েছে। যেসব ভোটারের শিক্ষাগত যোগ্যতার সনদ নেই সেসব ভোটারের নাম ও জন্ম সংক্রান্ত তথ্য জন্ম নিবন্ধন অনুযায়ী হবে বিধায় জন্ম ও মৃত্যু নিবন্ধনের তথ্য সঠিকভাবে যাচাই করা প্রয়োজন। এছাড়া মৃত ব্যক্তির তালিকার সাথে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশনে রক্ষিত রেজিস্টারের মিল রয়েছে কিনা তাও যাচাই করা প্রয়োজন।

৪। **ভোটার এলাকা স্থানান্তর ঃ** এক ভোটার এলাকা হতে অন্য ভোটার এলাকায় স্থানআন্তরের লক্ষ্যে ফরম-১৩ (স্থানান্তর) পূরণ পূর্বক প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ সরাসরি স্থানান্তরিত এলাকার থানা/উপজেলা নির্বাচন কর্মকর্তার কার্যালয়ে জমা প্রদানের পর যথাযথ যাচাই- বাছাই ও তদন্ত সাপেক্ষে সংশ্লিষ্ট নাগরিকের ভোটার এলাকা স্থানান্তর করা যেতে পারে।

৫। **ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রমে স্থানীয় জনপ্রতিনিধিদের সম্পৃক্তকরণ ঃ** ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রমে মহিলাদের রেজিস্ট্রেশনের বিষয়টি নিশ্চিত করার জন্য স্থানীয় জনপ্রতিনিধিগণের বিশেষ করে মহিলা জনপ্রতিনিধিগণের (উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান, সিটি/পৌর এলাকার সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং ইউনিয়ন পরিষদের সংরক্ষিত আসনের সদস্যাসহ সাধারণ আসনের বিপরীতে নির্বাচিত মহিলা জনপ্রতিনিধি) সহযোগিতা একান্ত প্রয়োজন। সিটি কর্পোরেশন, উপজেলা পর্যায়ের সমন্বয় কমিটিতে স্থানীয় জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করে সমন্বয় কমিটি গঠন করা হয়েছে। জনগুরুত্বপূর্ণ এ কাজে

সংগঠনের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ নিশ্চিত করার জন্য তাদের উক্ত কমিটিতে দায়িত্ব পালনের পাশাপাশি অন্যান্য ক্ষেত্রেও গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। বিশেষ করে তাঁরা প্রচারের কাজে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারেন।

৫। নিবন্ধন কার্যক্রম ঃ ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রমে পূরণকৃত নিবন্ধন ফরমসমূহ উপজেলা/থানা নির্বাচন কর্মকর্তার কার্যালয়ে এনে ভোটারদের ছবি উত্তোলন, আঙ্গুলের ছাপ, স্বাক্ষর গ্রহণ ইত্যাদি কার্যক্রম সম্পন্ন করার মাধ্যমে ভোটার নিবন্ধন কার্যক্রম সম্পাদন করতে হবে।

৬। নিবন্ধন কার্যক্রমের সমন্বয় সাধন ঃ ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম সুষ্ঠু ও সুচারুরূপে সম্পন্ন করার জন্য আঞ্চলিক নির্বাচন অফিসার, সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসার ও উপজেলা নির্বাচন অফিসারের কার্যক্রমে সমন্বয় থাকতে হবে। ভোটার তালিকা হালনাগাদের নিবন্ধন কার্যক্রম পরিচালনা এবং ভোটার তালিকা হালনাগাদ সংক্রান্ত বিভিন্ন পর্যায়ের সমন্বয় কমিটির কার্যক্রমে সক্রিয় সমন্বিত ভূমিকা পালন করতে হবে।

৭। উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

রৌশন আরা
১৬-১১-১৬
(রৌশন আরা বেগম)
সহকারী সচিব(নিঃসঃ-২)
ফোন ঃ ৯১৮০৭৪৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং- ৪৬.০৪৫.০১৬.১০.১১.০১১.২০১১-১২২৯ তারিখঃ ২৭/১১/২০১৬

ভোটার তালিকা হালনাগাদ ২০১৬ সুষ্ঠু ও সুচারুরূপে সম্পন্নের লক্ষ্যে পরিপত্র মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্বাচন কমিশন হতে প্রাপ্ত পরিপত্র-০১ এর ছায়ালিপি নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হলো।

২৭/১১/২০১৬
(লুৎফুন নাহার)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৭২৩০

১. চেয়ারম্যান (সকল), ...উপজেলা পরিষদ।
২. উপজেলা নির্বাহী অফিসার (সকল) .... উপজেলা।
৩. ভাইস চেয়ারম্যান (সকল), ...উপজেলা পরিষদ।
৪. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।